

নং: ১৪.৩৫.০০০০.০২০.০৫.০৪৩.১৮.১৯০

তারিখ: ০৫-০৮-২০১৯ খ্রি:

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশলে সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর “নৈতিকতা কমিটি”-এর সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ সাহাব উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক

সভার তারিখ : ০৫ আগস্ট, ২০১৯ খ্রি:
সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, টেলিটক কর্পোরেট অফিস
গুলশান-১, ঢাকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের নাম ও পদবিঃ পরিশিষ্ট ‘ক’

আলোচনাঃ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে টেলিটকের শুদ্ধাচার বিষয়ক কমিটির ফোকাল পয়েন্ট সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচিসমূহ আলোচনাক্রমে ২০১৯-২০২০ অর্থ বছরে টেলিটক কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের কর্মসূচিসমূহ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্তঃ

- ১) টেলিটকের কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য সুশাসন, চাকুরী বিধিমালা এবং অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত দেয়া হয়।
- ২) শুদ্ধাচার সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি ও অংশগ্রহণমূলক অফিস আদেশ/পরিপত্র টেলিটকের সকল অফিস এবং কেয়ারসমূহে প্রচারের বিষয়ে মতামত প্রদান করা হয়।
- ৩) জাতীয় ডিজিটাল আর্কিটেকচার ফোকাল পয়েন্ট হিসেবে জনাব নুরুল মাবুদ চৌধুরী, মহাব্যবস্থাপক, আইটি এন্ড বিলিং এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব মোঃ আহসানুল হক, উপব্যবস্থাপক, আইটি এন্ড বিলিং কে নিয়োগের বিষয়ে মনোনয়ন প্রদান করা হয়।
- ৪) জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭ -এর বিধি ৪ অনুসারে “ডেজিগনেটেড অফিসার” হিসেবে জনাব তারঘীবুল ইসলাম, উপমহাব্যবস্থাপক, প্রশাসন কে নিয়োগের বিষয়ে মনোনয়ন প্রদান করা।
- ৫) তিনটি প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রথম প্রান্তিকের মধ্যে প্রণয়ন ও অনুমোদন এর বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।
- ৬) পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা প্রথম প্রান্তিকের মধ্যে প্রণয়ন এবং ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে জনাব এস. এম. সাইদুল ইসলাম, উপমহাব্যবস্থাপক, সংগ্রহ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

- ৭) টেলিটকের সকল মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধানগণকে প্রতি কোয়ার্টারে কমপক্ষে ৩ টি আওতাধীন/ অধস্তন কার্যালয় পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন (সুপারিশসহ) প্রশাসন বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।
- ৮) ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন বিষয়ে আলোকপাত করা হয়। সংগ্রহ এবং প্রকল্প বিভাগকে এ ব্যাপারে একযোগে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং প্রথম প্রান্তিকের মধ্যে ই-টেন্ডার চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ সাহাব উদ্দিন)

ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক এবং
সভাপতি, নৈতিকতা কমিটি
টেলিটক বাংলাদেশ লিঃ

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রকল্প পরিচালক/ বিভাগীয় প্রধান,, টেলিটক বাংলাদেশ লিঃ।
৩. সকল সদস্য, নৈতিকতা কমিটি, টেলিটক বাংলাদেশ লিঃ।
৪. অফিস কপি।